

কাজিপুর উপজেলা পরিষদের ৩১ তম সভার কার্য বিবরণী

তারিখ : ০৯/০৯/২০২১
 সময় : ১০.০০ টা।
 স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
 সভাপতি : জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ।

জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর এর সভাপতিত্বে ৫ম নিৰ্বাচিত উপজেলা পরিষদের ৩১তম সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়করণ করা হয়। অতঃপর নিম্নে বর্ণিত বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা পরিষদ কমিটি	উপজেলা পরিষদ কমিটি সমূহের সদস্য সচিবগণকে নিয়মিত সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশ মালা সম্বলিত সভার কার্য বিবরণী উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলা পরিষদ কমিটি সমূহ নিয়মিত সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশসমূহ উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপন করবেন।	ভাইস চেয়ারম্যান ও পরিষদে হস্তান্তরিত বিভাগীয় প্রধান গণ
কৃষি অফিস	উপজেলা কৃষি অফিসার জানান যে, কর্ণশেলার, হারভেস্টরসহ বিভিন্ন কৃষি যন্ত্রপাতির তালিকা দ্রুত দেওয়ার জন্য অনুরোধ করছি। ৬০% ভর্তুকিতে ফুটপাম্প (স্প্রয়ার মেশিন) নেওয়ার জন্য কৃষক প্রেরণ করবেন। বন্যায় ক্ষয়ক্ষতির Report দিন। কৃষি যন্ত্রপাতির মাধ্যমে ২০ একর জমিতে মেশিনের সাহায্যে ধান চাষাবাদের জন্য জমি নির্বাচনের সহযোগিতা কামনা করছি। সারের দাম কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্য রাখার বিষয়ে সবার সহযোগিতা কামনা করছি।	চলমান কার্যক্রম স্বাভাবিক রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	কৃষি অফিসার
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা	স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান গণটিকার কার্যক্রমে সকলের সহযোগিতায় ৭,৭১৮ জন কে ২য় ডোজ ও স্থায়ী কেন্দ্রে একই দিন ১,৫৬০ জনকে ২য় ডোজ দেয়া হয় যা টার্গেটের ৯০%। ২। স্থায়ী কেন্দ্রে টিকাদান কার্যক্রম চলমান। ৩। পরিবার পরিকল্পনা গৃহীত সমূহে এখন খাদ্য বিভাগে প্রতিদিন চলমান। ৪। ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রগুলোতে সকলের Deputation বাতিল করে কর্মস্থলে পাঠানো হয়েছে। নিয়মিত টিকাদান কেন্দ্রসমূহে সকলের টিকাদান চলছে।	সেবা কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
প্রাথমিক শিক্ষা	শিক্ষা অফিসার জানান যে, ১ আগস্ট থেকে ড্রপ ডাউন ব্যানার ২৩৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বুলানো হয়েছে। ১৫ আগস্ট কর্মসূচী ২৩৭ টি বিদ্যালয়ে পালন করা হয়েছে। ২৩/০৮/২০২১ তারিখ থেকে সকল প্রাথমিক বিদ্যালয়ে অফিস গৃহ আধিনা পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	শিক্ষা অফিসার
মাধ্যমিক শিক্ষা	মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, পরিস্থিতি বিবেচনায় আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান খোলার সরকারি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই প্রেক্ষিতে শিক্ষা প্রতিষ্ঠানে পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ চলছে। স্বাস্থ্য বিধি মেনে নির্ধারিত গাইড লাইন মেনে শিক্ষক ও শিক্ষার্থীদের শ্রেণি ক্লাস নেয়ার নির্দেশনা শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। ০৭/০৯/২০২১ তারিখে এ ব্যাপারে জেলা শিক্ষা অফিসার মহোদয় সমগ্র জেলার শিক্ষক নিয়ে জুমের মাধ্যমে আলোচনা অনুষ্ঠান সম্পন্ন করেছেন।	সার্বিক কার্যক্রম সচল রাখাকল্পে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।	মাধ্যমিক শিক্ষা অফিসার
প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী অধিদপ্তর সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবে চলছে। রাস্তা, ব্রীজ, সরকারি প্রাথমিক বিদ্যালয়, এম.মনসুর আলী স্মৃতি কমপ্লেক্স, আনসার ব্যারাকসহ বিভিন্ন উন্নয়ন কাজ চলমান আছে। চলতি অর্থ বছরে সড়ক ও সেতু রক্ষণাবেক্ষণের আওতায় স্কীম গ্রহণ করা হয়েছে। ২০২০-২১ অর্থ বছরের এডিপির আওতায় ১ম কিস্তি ও কোভিড-১৯ বাবদ ১ম কিস্তি বরাদ্দ পাওয়া গেছে। সে লক্ষে সংশ্লিষ্ট সকলের নিকট হতে জনগুরুত্বপূর্ণ প্রকল্প প্রেরণের জন্য সকলকে অনুরোধ জানানো হয়।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি)

৪২০

প্রাণিসম্পদ	PPR ও ফুরারোগ দমন প্রকল্পের ভ্যাক্সিন কার্যক্রম চলছে। চর প্রকল্পের সুফলভোগী খামারীদের তালিকা প্রণয়ন সম্পন্ন করা হয়েছে। প্রশিক্ষণ প্রদানের প্রস্তুতি চলছে। অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ এর খামারীদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।	প্রাণি সম্পদ কর্মকর্তা
মৎস্য অফিস	মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর/২১ খ্রিঃ জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন। ০৬/০৯/২০২১ খ্রিঃ রাজস্ব বাজেটের আওতায় প্রাচীন ভূমি ও প্রাতিষ্ঠানিক জলাশয়ে ৪৬২.৫ কেজি পোনা মাছ অবমুক্ত করা হয়।	সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।	মৎস্য কর্মকর্তা
দুর্যোগ ব্যবস্থাপনা ও জ্ঞান	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, মুজিব শতবর্ষ উপলক্ষে জমি নাই ঘর নাই ৩০২ টি পরিবারের মধ্যে ৩৫ ঘরসহ জমি গত ২৩/০১/২০২১ তারিখ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ঘর পর্যায়ক্রমে দেওয়া হবে। TR-কাবিখার কাজ সমাপ্ত করার শেষ সময় ১৫/০২/২০২১ তারিখ এর মধ্যে সম্পন্ন করে চূড়ান্ত বিল দেওয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় দায়ভার প্রকল্প সভাপতিকে বহন করতে হবে।	বিতরণ কার্যক্রম কঠোরভাবে পর্যবেক্ষণ করবেন।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
পরিবার পরিকল্পনা	পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, স্বাস্থ্য বিধি মেনে পরিবার পরিকল্পনা বিভাগের স্থায়ী ও দীর্ঘ মেয়াদি ক্যাম্পগুলো পরিচালিত হচ্ছে। তাছাড়া স্যাটেলাইট ক্লিনিক, কমিউনিটি ক্লিনিকের কার্যক্রমসহ অন্যান্য সেবা কার্যক্রম চলমান আছে।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	পরিবার পরিকল্পনা অফিসার
সমাজসেবা	সমাজসেবা অফিসার সভায় জানান, G2-p পদ্ধতিতে ভাতা বাস্তবায়নের কার্যক্রম চলমান। ২০০০ ভাতা ভোগীর নগদ হিসাব খোলার কাজ অবশিষ্ট রয়েছে। যা আগামী ২৫/০৫/২০২১ খ্রিঃ স্ব স্ব ইউনিয়নে ইউ,পি চেয়ারম্যান, ইউ,পি সদস্য ও ইউডিসিদের সমন্বয়ে হিসাব খোলার কাজ সম্পন্ন করা হবে। উক্ত তারিখে সংশ্লিষ্ট ভাতাভোগীদের উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ভাতা কার্যক্রম বাস্তবায়নে আন্তরিকভাবে কাজ করবেন।	সমাজসেবা অফিসার
জনস্বাস্থ্য	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, নলকূপের তালিকা যাচাই-বাছাই করে সহায়ক চাঁদা জমা নেওয়া হচ্ছে। সরকারী নির্দেশনা মেনে নলকূপ স্থাপন কাজ চলমান আছে। দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে।	নলকূপের তালিকা যাচাই-বাছাই কার্যক্রম আরো ভালভাবে মনিটর করতে হবে।	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ফায়ার সার্ভিস	আমাদের অপারেশনাল কার্যক্রম সঠিক আছে। তাছাড়া যে কোন দুর্ঘটনার জন্য প্রস্তুত আছি।	বিভিন্ন অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক রাখতে আন্তরিকভাবে কাজ করতে হবে।	স্টেশন অফিসার
যুব উন্নয়ন	যুব উন্নয়ন অফিসার জানান, ২০২১-২০২২ অর্থ বছরে মোট ১৪ টি ব্যাচে মোট ৪২০ জন বেকার যুবক ও যুব নারীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের ১৬,৩২,০০০/- টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।	ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখবেন।	যুব উন্নয়ন অফিসার
খাদ্য অফিস	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, খাদ্য বান্ধব কর্মসূচীর মাধ্যমে হত দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে চাল ১০/- টাকা কেজি চাল বিক্রয় চলতি মাসেও চলমান আছে। খাদ্য শস্যের মজুদ সন্তোষজনক। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।	নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখবেন	খাদ্য নিয়ন্ত্রক
মহিলা বিষয়ক	মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, সকল মাসিক প্রতিবেদন উপ পরিচালকের কার্যালয়ে যথারীতি প্রেরণ করা হয়েছে। সেপ্টেম্বর/২১ মাসের ১২ টি ইউনিয়নের ভিজিডিং ডিও প্রদান করা হয়েছে। কর্মজীবী ল্যাকটেটিং মাদার ভাতা সহায়তা কর্মসূচীর আওতায় কাজিপুর পৌরসভার ২০২১-২০২২ অর্থ বছরের ১৪৯ জন ভাতাভোগীর যাচাই বাছাই চলমান রয়েছে। দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ব্যাংক হিসাব খোলা ও ভাটা এন্ট্রির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। আইজিএ প্রকল্পের কর্মসূচির আওতায় প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ চলমান রয়েছে। দর্জি বিজ্ঞান ট্রেন্ডের প্রশিক্ষণ শুরু হয়েছে। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।	নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত রাখবেন।	মহিলা বিষয়ক কর্মকর্তা


পল্লী উন্নয়ন	পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়নে ক্রাশ প্রোগ্রাম অব্যাহত আছে। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় গাফাইল ও চালিতাডাঙ্গা ইউনিয়নে চাহিদা ভিত্তিক স্কীম নির্ধারণে কার্যক্রম চলমান আছে।	ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখবেন।	পল্লী উন্নয়ন কর্মকর্তা
সমবায়	সমবায় অফিসার সভায় জানান, সমবায় বিভাগের দাপ্তরিক কাজ সঠিকভাবে চলছে। ২০২০-২০২১ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট সম্পাদন ০৫ টি। অডিট ফি আদায় ৫,৯৪০/- সমবায় উন্নয়ন তহবিল আদায় ১,৭৫১/- টাকা আশ্রয় প্রকল্পের ক্ষুদ্র ঋণ আদায় ৯,৮০০/- টাকা। এয়াড়া সমবায় সমিতিতে নির্বাচন, সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে ৪০%। এ বিষয়ে নির্বাচন ও সভা অনুষ্ঠানের জন্য সমিতি গুলিকে পরামর্শ দেয়া হয়েছে।	ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক রাখার চেষ্টা অব্যাহত রাখতে হবে।	সমবায় অফিসার
বিএডিসি	সহকারী প্রকৌশলী (বিএডিসি) সভায় জানান অত্র বিএডিসি কাজিপুর জোন দপ্তরের আওতায় ৩৮ টি চালু গনকর মধ্যে ২২ টি বারিড পাইপ নির্মাণ কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। ১২ টি এলএলপির সাইড নির্ধারণ করা আছে তার মধ্যে ১১ (এগারো) টির কাজ চলমান রয়েছে। ৩৮ সটি গনকু চলতি আমন মৌসুমের জন্য প্রস্তুত রাখা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম চালু আছে।	চলমান কার্যক্রমগুলো নিয়মিত মনিটর করতে হবে	বিএডিসি পদাধি
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী	উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কাজিপুর, সিরাজগঞ্জ জানান করোনা গুটিকা ২য় ডোজ কার্যক্রমে ৪৫ টি কেন্দ্রে ও ৪৫ টি বুথে ১৩৫ জন ভিডিপি সদস্য/সদস্যা আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত ছিল। বিভাগীয় কার্যক্রম চলমান।	স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	আনসার ভিডিপি অফিসার
পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন	পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন সভায় জানান, অত্র দপ্তরের কাজ স্বাভাবিক চলছে। তবে লকডাউনের কারণে একটু পিছিয়ে পরেছে। তারপরও বিগত মার্চ মাসে ক্ষুদ্র ও নারী এবং স্লোপ ঋণ মিলে ৩৬,৩৭,০০০/- ৯১ জন সদস্যের মাঝে বিতরণ করা হয়েছে। যার বিপরীতে ৪৩,২৫ হাজার টাকা ঋণ আদায় করা হয়েছে এবং সদস্যদের নিজস্ব জমা হয়েছে ২,৫০,০০০/- টাকা। সব মিলে আদায়ের হার-৯৭% বাকী সব কাজ স্বাভাবিক ভাবে চলছে।	ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখবেন।	পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা
নির্বাচন	নির্বাচন কর্মকর্তা জানান, কাজিপুর উপজেলার শুধুমাত্র ২০১৯ সালের হালনাগাদকৃত ভোটারদের মাঝে স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ করা হবে। আগামী ১৬/০২/২০২১ হতে ০১/০৩/২০২১ তারিখ পর্যন্ত। সংশ্লিষ্ট পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কেন্দ্রে বিতরণ করা হবে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	নির্বাচন অফিসার
পরিসংখ্যান	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান COVID-19এপ্রিল/২০২০ হতে আগস্ট/২০২১ পর্যন্ত বাংলাদেশে করোনা মহামারি চলাকালীন দারিদ্র পরিস্থিতি কি অবস্থায় নেমেছে তার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক Rapid Survey: Poverty Assessment(RSPA) ২০২১ তার মাধ্যমে এদেশে বর্তমান দারিদ্র পরিস্থিতি জরিপের মাধ্যমে জানা যাবে। আগামী ১১ সেপ্টেম্বর হতে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত জরিপটি পরিচালিত হবে। এছাড়াও জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় কাজিপুর উপজেলায় অতিরিক্ত জনবল নিয়োগের ভাইবা সম্পন্ন হয়েছে। অতি দ্রুত ভাইবার ফলাফল প্রকাশ করা হবে।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	পরিসংখ্যান অফিসার
পল্লী বিদ্যুৎ	বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কাজিপুর উপজেলায় চর অঞ্চলের ইউনিয়নগুলিতে ২০০৮ সালের দিকে বসবাসকারীদের পল্লী বিদ্যুৎ এর পক্ষ হতে সোলার দেওয়া হয়েছিল। তাদের নিকট সোলারের বিল বকেয়া বাবদ ৩৬৫ জনের নিকট ১৩,৬৪,৩৩২.০০ টাকা বকেয়া রয়েছে। যা আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়সহ সকলের সহযোগিতা কামনা করছি।	সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।	পল্লী বিদ্যুৎ

উপজেলা বন কর্মকর্তা	বন কর্মকর্তা সভায় জানান, নাটুয়ারপাড়া বন্যা নিয়ন্ত্রণ বাধে ১১,০০০০০/- টাকা ব্যয়ে বিনোদনের জন্য স্থাপনা নির্মাণ করা হবে। নাটুয়ারপাড়ায় খেতার চর হইতে কালিকাপুর পর্যন্ত ৫০০০ টি বিবিধ চারা রোপণ করা হবে।	পুরাতন গাছ কর্তন ও নতুন বাগান সৃষ্ণনের জন্য উপজেলা বন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বন বিভাগ																								
আমার বাড়ি আমার খামার	উপজেলা সমন্বয়কারী সভায় জানান, Covid-19 মহামারীর দ্বিতীয় চেউ মোকাবেলায় সরকারি নির্দেশনার আলোকে সীমিত আকারে কার্যক্রম পরিচালিত হচ্ছে। লকডাউন জনিত কারণে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে মন্দাভাব পরিলক্ষিত হচ্ছে। এপ্রিল-২০২১ সালে ঋণ আদায় ৩৫,১২,০০০/- ঋণ বিতরণ ৩৭,০০০০০/- টাকা মাত্র। সার্বিক কার্যক্রমে জনপ্রতিনিধিগণের সহায়তা একান্ত কাম্য।	ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	উপজেলা সমন্বয়কারী																								
পাট অধিদপ্তর	পাট অধিদপ্তর কর্তৃক কাজিপুর উপজেলায় নাবী পদ্ধতিতে পাট বীজ উৎপাদন কার্যক্রম চলমান আছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	পাট কর্মকর্তা																								
তথ্য আপা প্রকল্প, কাজিপুর পিরাজগঞ্জ	তথ্য কেন্দ্রের মে-২০২১ খ্রিঃ মাসে উঠান বৈঠক স্থগিত আছে। ডোর ভিজিট এর মাধ্যমে সেবা প্রদানও বর্তমানে স্থগিত আছে। তথ্যকেন্দ্র খোলা রাখা আছে। বিধায় তথ্যকেন্দ্রের মাধ্যমে সেবা প্রদান অব্যাহত আছে। তথ্যকেন্দ্রে মোট ২০০ জন সেবাগ্রহীতার স্বাস্থ্য পরীক্ষা, অনলাইন সেবা, ই-কমার্স সেবা দেয়া হয়েছে।	তথ্য আপা প্রকল্পের আওতায় তথ্যকেন্দ্র এর সেবা সম্পর্কে অবহিতকরণ ও উঠান বৈঠকের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	তথ্য সেবা কর্মকর্তা																								
উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)	উপজেলা প্রকৌশলী স্ববাকে জানান জাইকা-বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায় (২০২০-২০২১) অর্থ বছরের সক্ষমতা উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাবনা আহ্বান করা হয়েছে। স্থায়ী কমিটির হতে প্রাপ্ত উপপ্রকল্পগুলো যাচাই-বছাই অস্ত্রে নিম্নলিখিত উপপ্রকল্প গুরো হড়াত্ত করা হয় যা উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। প্রকল্প বাছাই কমিটি কর্তৃক চূড়ান্তকৃত উপপ্রকল্প সমূহ নিম্নরূপ	বিস্তারিত আলোচনান্তে উক্ত সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প প্রস্তাবনা তৈরী করে প্রকল্প কার্যালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা /উপজেলা পরিষদ, কাজিপুর																								
	<table border="1"> <thead> <tr> <th>ক্রমিক নং</th> <th>দপ্তর/ বিভাগ</th> <th>উপপ্রকল্পের নাম</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>কৃষি</td> <td>বানিজ্যিকভাবে তরমুজ, পেয়ারা, পেঁপে ও ক্যামিসিকাম উৎপাদনে লক্ষ্যভুক্ত কৃষকদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ।</td> </tr> <tr> <td>২</td> <td>পরিবার-পরিচালনা</td> <td>প্রাতিষ্ঠানিক প্রসবসেবা বৃদ্ধির লক্ষ্যে গর্ভবতী মহিলাদের প্রসব পূর্ববর্তী এবং প্রসব পরবর্তী সেবা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ।</td> </tr> <tr> <td>৩</td> <td>উপজেলা নির্বাহী অফিস</td> <td>শতভাগ জন্ম -মৃত্যু নিবন্ধনে গ্রাম পুলিশের ভূমিকা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ।</td> </tr> <tr> <td>৪</td> <td>মৎস্য</td> <td>কার্প জাতীয় মৎস্য চাষ বিষয়ে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ।</td> </tr> <tr> <td>৫</td> <td>প্রাণিসম্পদ</td> <td>মুরগী ও গবাদী পশু পালনে জীবনিরাপত্তা এবং এন্টিবায়োটিকের ব্যবহার সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে খামারীদের প্রশিক্ষণ।</td> </tr> <tr> <td>৬</td> <td>মাধ্যমিক শিক্ষা</td> <td>মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকদের বিষয়বিত্তিক কন্টেন্ট তৈরি এবং এমএমনিএম নিবন্ধন কার্যক্রমে দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ।</td> </tr> <tr> <td>৭</td> <td>মহিলা বিষয়ক অধিদপ্তর</td> <td>মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন উপকরণ দিয়ে হাত ব্যাগ, শোপিচ ও কাঁথা সেলাইয়ে দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ।</td> </tr> </tbody> </table>	ক্রমিক নং	দপ্তর/ বিভাগ	উপপ্রকল্পের নাম	১	কৃষি	বানিজ্যিকভাবে তরমুজ, পেয়ারা, পেঁপে ও ক্যামিসিকাম উৎপাদনে লক্ষ্যভুক্ত কৃষকদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ।	২	পরিবার-পরিচালনা	প্রাতিষ্ঠানিক প্রসবসেবা বৃদ্ধির লক্ষ্যে গর্ভবতী মহিলাদের প্রসব পূর্ববর্তী এবং প্রসব পরবর্তী সেবা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ।	৩	উপজেলা নির্বাহী অফিস	শতভাগ জন্ম -মৃত্যু নিবন্ধনে গ্রাম পুলিশের ভূমিকা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ।	৪	মৎস্য	কার্প জাতীয় মৎস্য চাষ বিষয়ে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ।	৫	প্রাণিসম্পদ	মুরগী ও গবাদী পশু পালনে জীবনিরাপত্তা এবং এন্টিবায়োটিকের ব্যবহার সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে খামারীদের প্রশিক্ষণ।	৬	মাধ্যমিক শিক্ষা	মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকদের বিষয়বিত্তিক কন্টেন্ট তৈরি এবং এমএমনিএম নিবন্ধন কার্যক্রমে দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ।	৭	মহিলা বিষয়ক অধিদপ্তর	মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন উপকরণ দিয়ে হাত ব্যাগ, শোপিচ ও কাঁথা সেলাইয়ে দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ।		
ক্রমিক নং	দপ্তর/ বিভাগ	উপপ্রকল্পের নাম																									
১	কৃষি	বানিজ্যিকভাবে তরমুজ, পেয়ারা, পেঁপে ও ক্যামিসিকাম উৎপাদনে লক্ষ্যভুক্ত কৃষকদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ।																									
২	পরিবার-পরিচালনা	প্রাতিষ্ঠানিক প্রসবসেবা বৃদ্ধির লক্ষ্যে গর্ভবতী মহিলাদের প্রসব পূর্ববর্তী এবং প্রসব পরবর্তী সেবা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ।																									
৩	উপজেলা নির্বাহী অফিস	শতভাগ জন্ম -মৃত্যু নিবন্ধনে গ্রাম পুলিশের ভূমিকা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ।																									
৪	মৎস্য	কার্প জাতীয় মৎস্য চাষ বিষয়ে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ।																									
৫	প্রাণিসম্পদ	মুরগী ও গবাদী পশু পালনে জীবনিরাপত্তা এবং এন্টিবায়োটিকের ব্যবহার সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে খামারীদের প্রশিক্ষণ।																									
৬	মাধ্যমিক শিক্ষা	মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকদের বিষয়বিত্তিক কন্টেন্ট তৈরি এবং এমএমনিএম নিবন্ধন কার্যক্রমে দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ।																									
৭	মহিলা বিষয়ক অধিদপ্তর	মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন উপকরণ দিয়ে হাত ব্যাগ, শোপিচ ও কাঁথা সেলাইয়ে দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ।																									
	তিনি আরো জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ৪র্থ পর্যায় (২০১৯-২০২০) কাজিপুর উপজেলার ০২ টি অবকাঠামো উপ-প্রকল্প গ্রহণ করা হয়েছিল। তন্মধ্যে কাজিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে COVID-19 সংক্রমণ প্রতিরোধে বিভিন্ন মেডিক্যাল উপকরণ সরবরাহ প্রকল্পের সকল উপকরণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬২ সিরাজগঞ্জ-১, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও স্বাস্থ্য ও প.প কর্মকর্তার উপস্থিতিতে হস্তান্তর করা হয়। কাজটি সম্পন্ন হওয়ায় ঠিকাদার চূড়ান্ত বিল প্রাপ্তির আবেদন করেছেন। তাকে বিল প্রদানের জন্য প্রকল্প কার্যালয় থেকে বরাদ্দ প্রাপ্তির জন্য পত্র প্রেরণ করা যেতে পারে।	বিস্তারিত আলোচনান্তে উপ-প্রকল্পটির কাজ সম্পন্ন হওয়ার সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক চূড়ান্ত বিল প্রাপ্তির আবেদনসহ অন্যান্য কাগজপত্র প্রকল্প কার্যালয় বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।																									

22

বিবিধ	(ক) উপজেলা পরিষদের জুলাই/২০২১ ও আগস্ট/২০২১ মাসের আপ্যায়ন বাবদ ৬০,০০০/- ও স্টেশনারী ১০,০০০/- টাকা ব্যয়ের বিধান রয়েছে।	উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ
	(খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন, কাজিপুর উপজেলা পরিষদে ০৩ (তিন) জন নিয়মিত কর্মচারী যথাক্রমে (১) জনাব মোঃ আরিফুর রহমান, স্টাফ মুদ্রাকরিক কাম কম্পিউটার অপারেটর (২) জনাব মোঃ আব্দুল হামিদ, গাজী চালক (৩) মোঃ শফিকুল ইসলাম, অফিস সহায়ক, তারা উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ অনুযায়ী প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব খোলা ও এ যাবৎ উপজেলা পরিষদের নিকট বকেয়া পাওনা পরিশোধের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার গত ০৩/০৩/২০২০ খ্রিঃ তারিখের ৩১৮ নং স্মারকপত্রের মাধ্যমে ও ২৪/০৯/২০২০ খ্রিঃ তারিখের ৭৩৬ নং স্মারকপত্রে প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলার জন্য নির্দেশনা প্রদান করেছেন। তিনি উপজেলা পরিষদে কর্মরত ০৩ (তিন) জন কর্মচারীর প্রদেয় ভবিষ্য তহবিল খোলা ও বকেয়া পাওনা পরিশোধ সংক্রান্ত বিষয়ে অন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।	সভায় বিস্তারিত আলোচনাস্তে, উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ অনুযায়ী প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলা সংক্রান্ত এর বিষয়ে উপ-সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক উল্লিখিত ০৩ (তিন) জন কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে ৪ জন কর্মচারীর নামে বিধি মোতাবেক প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে ম্যানেজার, সোনালী ব্যাংক, কাজিপুর কে অনুপ্রোথ জানানো এবং উপজেলা পরিষদ কর্মচারীগণ যোগদানের তারিখ হতে গৃহীত মূল বেতনের ১০% পাওনা অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


 (মোঃ খলিলুর রহমান সিরাজী)
 চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
 কাজিপুর, সিরাজগঞ্জ।
www.kazipur.sirajganj.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৮৮৫০.০০৩.০১.০১৯.২০১৯(৪০)

তারিখ: ০৯ সেপ্টেম্বর, ২০২১
২৫ ভদ্র, ১৪২৮

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬২ সিরাজগঞ্জ-১।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৬. উপ পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি, সিরাজগঞ্জ।
৮. ডাইস চেয়ারম্যান/মহিলা ডাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর।
৯. মেয়র, কাজিপুর পৌরসভা, কাজিপুর।
১০. উপজেলা অফিসার, কাজিপুর।
১১. চেয়ারম্যান ইউপি (সকল)।
১২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাজিপুর, সিরাজগঞ্জ। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. জনাব
১৪. অফিস কপি।


 (মোঃ জাহিদ হাসান সিদ্দিকী)
 মুখ্য নির্বাহী কর্মকর্তা
 উপজেলা পরিষদ

ও
 উপজেলা নির্বাহী অফিসার
 কাজিপুর, সিরাজগঞ্জ।

E-mail : unokazipur@mopa.gov.bd

୧୭	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୧୭
୧୮	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର, ବାଲିଆପାଟଣା ଚନ୍ଦ୍ରପୁର	୧୮
୧୯	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୧୯
୨୦	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୨୦
୨୧	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୨୧
୨୨	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୨୨
୨୩	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୨୩
୨୪	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୨୪
୨୫	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୨୫
୨୬	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୨୬
୨୭	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୨୭
୨୮	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୨୮
୨୯	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୨୯
୩୦	ମା: ରାମଚନ୍ଦ୍ର ମହାପାତ୍ର ଚନ୍ଦ୍ରପୁର, ବାଲିଆପାଟଣା	୩୦